খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
Khulna Water Supply & Sewerage Authority
৭নং রুজভেল্ট জেটিঘাট রোড (জোড়াগেট নিকটবর্তী), খালিশপুর, খুলনা-৯০০০।

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50
খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
মুজিব শতবর্ষ MUJIB 100
"শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০৭.০০০০.৩০১.১৬.০০১.২৪-৫২৪৫ তারিখ: ১৫/০৯/২০২১

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ৪৬.০০.০০০০.০৯১.১৬.০০১.২১.৬৭, তারিখ:২৯/০৬/২০২১ খ্রিঃ মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে চাহিত খুলনা ওয়াসার তথ্যাদি প্রেরিত ছকে পূরণ পূর্বক সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৫ পাতার ১ফর্দ।

১৫/৯/২০২১
(মোঃ আব্দুল্লাহ, পি.ইঞ্জ)
ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা, খুলনা।

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃ:আঃ সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

## খুলনা ওয়াসার ২০২০-২১ অর্থ বছরের কর্মকান্ডের উপর চাহিত তথ্য প্রতিবেদন

**ভূমিকা:** নগরবাসীর চাহিদা অনুযায়ী খুলনা ওয়াসা নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মকভাবে কাজ করে যাচ্ছে।

**বিবর্তনের ইতিহাস :** খুলনা সিটি কর্পোরেশন সৃষ্টি হওয়ার পূর্বে খুলনা শহরে পানি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা দ্বারা পরিচালিত হত। ১৯৮৪ সাল থেকে সৃষ্ট পানি সরবরাহ বিভাগ খুলনা সিটি কর্পোরেশন এর অধীনে পরিচালিত হয়ে আসছিল। নগরবাসীর চহিদার পরিপ্রেক্ষিতে গত ২/৩/২০০৮ খ্রি: তারিখ বাংলাদেশ সরকার কর্তৃক পানি সরবরাহ ও পয়:নিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ এর মাধ্যমে খুলনা ওয়াসার সৃষ্টি হয়।

**লক্ষ্য ও উদ্দেশ্য :** খুলনা শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার খুলনা ওয়াসা ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। খুলনা ওয়াসা খুলনা নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থ পানি শোধনাগার ও পাইপ লাইন এর মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট-হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ওয়াটার ট্যাংকের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

**সাংগঠনিক কাঠামো ও জনবলসহ খুলনা ওয়াসার সকল প্রশাসনিক কার্যক্রমের বিবরণ :** ২৫/১১/০৮ খ্রিঃ তারিখে ১৫৭ জন কর্মকর্তা/কর্মচারীর সংস্থান রেখে রাজস্ব খাতের আওতায় অস্থায়ীভাবে খুলনা ওয়াসার জনবল অনুমোদিত হয়। ১৫৭ জনের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের সাবেক পানি সরবরাহ বিভাগের ১০৯ জন কর্মকর্তা/কর্মচারীকে খুলনা ওয়াসায় বিভিন্ন পদে আত্মীকরণ এর কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া ১ জন ব্যবস্থাপনা পরিচালক ও ১ জন উপ ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) চুক্তি ভিত্তিক নিয়োগে কর্মরত আছেন। খুলনা ওয়াসার সৃষ্টিলগ্ন ২০০৮ সাল থেকে বর্তমান অর্থ বছর পর্যন্ত কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মন্ত্রণালয় কর্তৃক অস্থায়ীভাবে সৃজনকৃত ২১০টি পদ এবং পূর্বে সৃজনকৃত ১৫৭টি পদ থেকে শূণ্য পদের বিপরীতে খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টার রোল কর্মচারীদের মধ্য থেকে ৭০ জন কর্মচারীকে স্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়। বর্তমানে খুলনা ওয়াসার সাংগঠনিক কাঠামোর জনবলের তথ্য নীচে দেখানো হলো :

| গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | গ্রেড নং | অনুমোদিত পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ম গ্রেড | - | – | ১১তম গ্রেড | ২ টি | - |
| ২য় গ্রেড | ১ টি | ১ টি | ১২ তম গ্রেড | - | - |
| ৩য় গ্রেড | ১ টি | ১ টি | ১৩ তম গ্রেড | ১২ টি | ৮ টি |
| ৪র্থগ্রেড | ১ টি | - | ১৪তম গ্রেড | ৬ টি | ৪ টি |
| ৫ম গ্রেড | ৩ টি | ২ টি | ১৫তম গ্রেড | ৯ টি | ৮ টি |
| ৬ষ্ঠ গ্রেড | ৮ টি | ৫ টি | ১৬ তম গ্রেড | ৬৬ টি | ৪৯ টি |
| ৭ম গ্রেড | – | – | ১৭তম গ্রেড | ৪ টি | ৪ টি |
| ৮ম গ্রেড | – | – | ১৮তম গ্রেড | ৬৯ টি | ৪৭ টি |
| ৯ম গ্রেড | ১৬ টি | ৮ ট | ১৯তম গ্রেড | – | – |
| ১০ম গ্রেড | ৩১ টি | ২০ টি | ২০তম গ্রেড | ২৪ টি ও আউট সোর্সিং- ১১৪টি | ২১ টি ও আউট সোর্সিং- ৪২ টি |

বি:দ্রঃ এছাড়া ওয়াসা সৃষ্টির সময় খুলনা সিটি কর্পোরেশন হতে হস্তান্তরিত ১৩৪ জন মাস্টাররোল কর্মচারীর মধ্যে ৭০ জনকে নিয়োগ দেয়ার পর এখন বর্তমানে ৬০ জন কর্মচারী মাস্টার রোল হিসেবে কর্মরত রয়েছে।

**২০২০ -২১ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী:**

| খাত | লক্ষ্য মাত্রা | অর্জন | বকেয়া/বকেয়া আদায় | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|---|
| পানির বিল | ৯,৩২,৯৩,০৩৮ | ৯,০৯,৯৯,৪৪৯ | ৫২,১১,৭৯৭ টাকা পূর্বের বকেয়া আদায় | * ডিমান্ড নোটিশ প্রদান।<br>* ডিমান্ড নোটিশ অনুসারে আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি গিয়ে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ।<br>* বকেয়া আদায়ের লক্ষে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>* কম্পিউটারাইজড বিল প্রদান।<br>* বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা, টেলিভিশনে স্ক্রল নিউজ প্রদর্শন।<br>* সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ৯৪,১৪,০৭৮ | ৯০,১৫,০৭৪ | | |
| গভীর নলকূপ হতে রাজস্ব | ৩৪,৭৭৫ | ৯২,৭৫০ | | |
| ট্যাংক গাড়ীতে পানি বিক্রয় | ১,২২,৯৭৮ | ৪০,৫৫০ | | |
| বিবিধ (দরপত্র /সিডিউল বিক্রয়, পানির সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ১,৭৫,৮৯০ | ৩,৩৭,৪৪৬ | | |
| মোট= | ১০,৩০,৪০,৭৫৯ | ১০,০৪,৮৫,২৬৯ | | |

মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী (লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/ অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০২০-২১ অর্থ বছর) | | অগ্রগতি (২০২০-২১ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ১ | খুলনা শহরের পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প প্রাক্কলিত ব্যয়: ২৩৩৪১৩.৮৫ (জিওবি= ৯২,৯৪২.০৪ এবং এডিবি = ১৪০,৪৭১.৮১) বাস্তবায়নকাল: জুলাই'২০২০ হইতে ডিসেম্বর ' ২০২৫ পর্যন্ত। | • খুলনা শহরে আধুনিক টেকসই পয়:নিষ্কাশন ব্যবস্থা প্রতিষ্ঠা করে খুলনা শহরের প্রায় ৭০%(১০লক্ষ) মানুষের জনস্বাস্থ্য ব্যবস্থা সুরক্ষার মাধ্যমে জীবনমান উন্নয়ন ও পরিবেশের ভারসাম্য সমুন্নত রাখা।<br>• পয়:নিস্কাশন পাইপ লাইন ও পাম্পিং স্টেশনের মাধ্যমে পয়:বর্জ্য ও ময়লা পানি সংগ্রহ/অপসারণ করে পয়:শোধনাগারে পরিশোধন করা।<br>• প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি এবং উপকার ভোগীদের উদ্বুদ্ধকরণ। | **রাজস্ব খাত** | | | | |
| | | | অফিসারদের বেতন | থোক | ১৫.৬০ | থোক | ৫.৫৬ |
| | | | আউটসোর্সিং বেতন | থোক | ৩০.০০ | থোক | ৯.৬৫ |
| | | | প্রশাসনিক ব্যয় | থোক | ১০.৪০ | থোক | ৮.৭৯ |
| | | | মোট রাজস্ব ব্যয় = | | ৫৬.০০ | | ২৪.০০ |
| | | | **মুলধন খাত** | | | | |
| | | | স্যুয়ার নেটওয়ার্ক নির্মাণ<br>স্যুয়ার পাম্পিং স্টেশন নির্মাণ<br>সার্ভিস লাইন নির্মাণ<br>গৃহ সংযোগ নির্মাণ<br>জলাভূমি নির্মাণ<br>পুনর্বাসন সহ বিদ্যমান ইউটিলিটি সমূহের পুনরায় বাস্তবায়ন | ২৫% | ৯৩৯৪.০০ | ১৫% | ৫৩৮৬.৮০ |
| | | | মোট মুলধন ব্যয় = | | ৯৩৯৪.০০ | | ৫৩৮৬.৮০ |
| | | | মোট ব্যয় (রাজস্ব + মুলধন) = | | ৯৪৫০.০০ | | ৫৪১০.৮০ |

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/ সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০২০-২১ অর্থ বছর) | | অগ্রগতি (২০২০-২১ অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| ২ | খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ। ( এপ্রিল ২০১৮- জুন ২০২১)<br><br>(জুন, ২০২১- এ প্রকল্পটি সমাপ্ত) | প্রাকৃতিক পরিবেশ বজায় রাখা এবং স্বাস্থ্য সম্মত জীবনযাত্রার জন্য খুলনা মহানগরীতে সুয়ারেজ ব্যবস্থায় পয়:বর্জ্য, ময়লা পানি অপসারণ, পরিচালন ও নি:স্বরণ ইত্যাদি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে পাম্প স্টেশন ও ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণে জমি অধিগ্রহণ। | **ক. রাজস্ব খাত** | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| | | | সার্ভেয়ার,স্টেশনারি, টেলিফোন, ফ্যাক্স, পর্চা উঠানো, স্ট্যাম্প,প্রিন্টিং, ফটোকপি, লেবার, যাতায়ত এবং লজেষ্টিক সাপোর্ট | থোক | ০.৫০ | থোক | ০.৫০ |
| | | | অন্যান্য রাজস্ব ব্যয় (পিএসসি, পিআইসি এবং টিইসি সদস্যদের সন্মানী) | | ০.৫০ | ০.৫০ | |
| | | | মোট রাজস্ব ব্যয় = | | ১.০০ | | ১.০০ |
| | | | **খ. মুলধন খাত** | | | | |
| | | | স্যুয়ারেজ পাম্প স্টেশন ও স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট এর জন্য ভুমি অধিগ্রহণ | থোক | ১০৭৬৫.৫০ | থোক | ৭০৪৪.০০ |
| | | | মোট মুলধন ব্যয় = | | ১০৭৬৫.৫০ | | ৭০৪৪.০০ |
| | | | মোট ব্যয় (রাজস্ব + মুলধন) = | | ১০৭৬৬.৫০ | | ৭০৪৫.০০ |

মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

মানব সম্পদ উন্নয়ন :

দেশে প্রশিক্ষণ:

| | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ০৪/১০/২০২০ হতে ২৯/১০/২০১০ পর্যন্ত শ্রম অধিদপ্তর শিল্প সম্পর্ক শিক্ষায়াতন, মীরের ডাঙ্গা, খুলনা। | ৬ জন | ৭৩ তম শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্স |
| ২ | ০৭/০২/২০২১ হতে ৪/০৩/২০২১ পর্যন্ত শ্রম অধিদপ্তর শিল্প সম্পর্ক শিক্ষায়াতন, মীরের ডাঙ্গা, খুলনা। | ৫ জন | ৭৪ তম শিল্প সম্পর্ক প্রশিক্ষণ কোর্স |
| ৩ | ২১/০৩/২০২১ হতে ০১/০৪/২০২১ পর্যন্ত আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষন কেন্দ্র, বয়রা, খুলনা। | ১ জন | অফিস ম্যানেজমেন্ট ও আইসিটি কোর্স এ প্রশিক্ষণ |
| ৪ | ২৩/০১/২০২১, স্থানীয় সরকার বিভাগ বাজেট শাখা, সেগুনবাগিচাস্থ ইনস্টিটিউট আব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (সরকারি ১ম ১২ তলা ভবনের ৭ম ফ্লোর) | ৩ জন | ২০২১-২২ অর্থ বছরের বাজেট প্রনয়ণ সংক্রান্ত আইবাস+ + ডাট এন্ট্রি বিষয়ক প্রশিক্ষণ |
| ৫ | ২৮/০১/২০২১ অর্থ মন্ত্রণালয়ের বাজেট অনুবিভাগ - ১ অধিশাখা , সেগুনবাগিচাস্থ ইনস্টিটিউট আব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (সরকারি ১ম ১২ তলা ভবনের ৭ম ফ্লোর) | ২ জন | ২০২১-২২ অর্থ বছরের বাজেট পরিপত্র - ১ এর উপর বাজেট প্রনয়ণ সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ |
| ৬ | ০৯/০২/২০২১ , সেগুনবাগিচাস্থ ইনস্টিটিউট আব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (সরকারি ১ম ১২ তলা ভবনের ৭ম ফ্লোর) | ১ জন | ২০২১-২২ অর্থবছরের বাজেট পরিপত্র-১ এর 'জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব' |
| ৭ | ১৪/০৬/২০২১ অনলাইন প্ল্যাটফর্ম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগ | ১ জন | জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ, জাতীয় তথ্য বাতায়নের নতুন ফিচার অবহিত করার লক্ষ্যে অধিদপ্তর/ অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণের দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ (ব্যাচ -২) |
| ৮ | ৯/০৫/২০২১ অনলাইন প্ল্যাটফর্ম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগ | ১ জন | ই-নথি ব্যবহার ও বাস্তবায়ন বিষয়ক দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ |

অভ্যন্তারীন প্রশিক্ষণ

| ক্রমিক নং | প্রশিক্ষণের মেয়াদ ও স্থান | প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা | প্রশিক্ষণ কোর্সের নাম |
|---|---|---|---|
| ১ | ১৫/১০/২০, ১৮/১০/২০, ২৭/১২/২০, ২৮/১২/২০, ৩০/১২/২০, ৪/৪/২১, ১৯/৪/২১ এবং ২/৫/২১ খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ/ আঞ্চলিক কার্যালয়, খুলনা ওয়াসা | ১৮৯ জন | সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ও জাতীয় শুদ্ধাচার কৌশল |
| ২ | ১৫৪/১১/২০, ১৭/১১/২০, ২০/১১/২০ এবং এবং ১৫/৫/২১ আঞ্চলিক কার্যালয়, খুলনা ওয়াসা | ১১৬ জন | পানির সংযোগ প্রদান, পানি অপচয়রোধ ও পাইপলাইন রক্ষণাবেক্ষণ |
| ৩ | ২৪/১২/২০, ২৭/১২/২০, ৩১/১২/২০ এবং ১৫/৪/২১ আঞ্চলিক কার্যালয়, খুলনা ওয়াসা | ৮২ জন | উৎপাদক নলকূপ ও রিজার্ভার পাম্প-মোটর পরিচালনা ও রক্ষনাবেক্ষণ |
| ৪ | ১৬/২/২১ এবং ৩/৫/২১ আঞ্চলিক কার্যালয়, খুলনা ওয়াসা | ৬০ জন | লিক রিপিয়ারিং ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ |
| ৫ | ২৮/১২/২০ এবং ৩১/১২/ খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ | ২৪ জন | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) |
| ৬ | ০২/০৬/২০২১ খুলনা ওয়াসা ভবন, প্রশিক্ষন কক্ষ (কক্ষ নং ৫০১) | ২৮ জন | মিটার রিডিং কৌশল ও পদ্ধতি, আউট সোর্সিং চাকুরীর বিধান, নিয়মাবলী, চাকুরীতে করনিয় ও বর্জনীয় এবং নিয়ম নীতি বিষয়ক অভ্যন্তরিন প্রশিক্ষণ। |

মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

**অডিট সংক্রান্ত তথ্য:**

পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক খুলনা ওয়াসার সৃষ্টিকাল হতে ২০০৮-১০, ২০১০-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৭-১৮ অর্থ বছরের অডিট কার্যক্রম সম্পন্ন হয়েছে। অডিট আপত্তিতে সর্বমোট ৩৮টি আপত্তি উত্থাপন করা হয়। যার মধ্যে ২৯টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯টি সাধারণ অনুচ্ছেদ রয়েছে। উক্ত ৩৮ টি আপত্তি হতে জুন ২০২১ পর্যন্ত ২১টি অগ্রিম অনুচ্ছেদ এবং ০৯টি সাধারণ অনুচ্ছেদ সহ মোট ৩০টি আপত্তি নিস্পত্তি হয়েছে। অবশিষ্ট ০৮টি অগ্রিম অনুচ্ছেদের নিস্পত্তি মূলক জবাব প্রেরণ করা হয়েছে (যার মধ্যে ০৮টি অগ্রিম অনুচ্ছেদ স্থানীয় সরকার বিভাগ থেকে সুপারিশ করে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে, প্রেরণ করা হয়েছে)।

**২০২০-২১ অর্থ বছরের অর্জন/ সাফল্য :**

- বর্তমান জুন ২০২১ পর্যন্ত পানি সরবরাহের পরিমান ১৪৬ এম এল ডি -তে উন্নীত হেয়েছে।
- খুলনা মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণ হিসাবে জুন, ২০২১ পর্যন্ত পানির সংযোগ ৩৭,০০০টি-তে উন্নীত হয়েছে।
- পানি সরবরাহের পাইপ লাইনে ৫৫ টি লিক মেরামত করে পানির অপচয় (এনআরডব্লিউ) হ্রাস করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- পানির অপচয় রোধকল্পে ও পানির ব্যবহার অনুযায়ী বিল নির্ধারণের লক্ষ্যে পূর্বের মাসিক ফ্ল্যাট রেইট (ব্যাস পদ্ধতি) এর পরিবর্তে মিটারিং ব্যবস্থা চালুর লক্ষ্যে পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হচ্ছে। জুন ২০২১ পর্যন্ত ৯৮% পানির সংযোগে ফ্লো মিটার স্থাপন করা হয়েছে।
- জুন ২০২১ পর্যন্ত রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৭.১১% উন্নীত হয়েছে।
- ২০০৯ সালে নন-রেভিনিউ ওয়াটার (সিস্টেম লস) ছিল ৩৭% যা হ্রাস পেয়ে বর্তমানে ১৯% এ উন্নীত হয়েছে।
- ভূ-উপরিস্থ সুপেয় পানি সরবরাহ করে কাভারেজ ৪৬% বৃদ্ধি হয়ে মোট কভারেজ প্রায় ৮০% এ উন্নীত হয়েছে।
- খুলনা ওয়াসা ইতোমধ্যেই কম্পিউটারাইজড বিলিং সফটওয়্যার চালু করেছে। যার মাধ্যমে গ্রাহকদের পানির সংযোগের ও বিলের বিস্তারিত তথ্য সহজে জানা যাচ্ছে। প্রতি গ্রাহকের সংযোগ প্রদান থেকে শুরু করে মাসিক বিল সহ রাজস্ব আদায় সম্পর্কে তথ্য জানা যাচ্ছে।
- খুলনা ওয়াসায় দাপ্তরিক কাজ পরিচালনায় ই-নথি চালু করা হয়েছে। দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও সমায়নুবর্তিতা নিশ্চিত কল্পে গুরুত্বপূর্ণ নথি সমূহ ই-নথিতে নিস্পন্ন করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সার্বক্ষণিক কল সেন্টার চালু হয়েছে। এছাড়াও গ্রাহক যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তার সেবা সংক্রান্ত সমস্যা লিপিবদ্ধ করতে পারবে এবং দাখিল কৃত অভিযোগের সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে জানতে পারবেন।
- ই-জিপি পোর্টালের আওতায় খুলনা ওয়াসার যাবতীয় টেন্ডার কার্যক্রম ইলেক্ট্রনিক পদ্ধতিতে করা হচ্ছে। ডিজিটাল পদ্ধতিতে অনলাইনে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদন, দরপত্র আহবান, উন্মুক্তকরণ ও মূল্যায়ন, চুক্তি সম্পাদনের নোটিশ প্রদান ও চুক্তি সম্পাদনসহ যাবতীয় ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে।
- ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে অগ্রসর হতে খুলনা ওয়াসার গ্রাহকগণ যেকোনো সময় ঘরে বসেই তাদের নিজ নিজ মোবাইল ফোন থেকে জি-পে, শিওর ক্যাশ, ডিবিবিএল, নগদ ও বিকাশ অ্যাপ এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারেন।
- পানির বিল যথা সময়ে পরিশোধের জন্য গ্রাহকবৃন্দকে এসএমএস এর মাধ্যমে জানানো হচ্ছে।
- খুলনা ওয়াসার ডায়নামিক ওয়েবসাইট চালু করা হয়েছে (http://www.kwasa.org.bd)। খুলনা ওয়াসার গ্রাহক সেবা সম্পর্কিত যাবতীয় তথ্য সহ দাপ্তরিক সাধারণ তথ্য ও যাবতীয় ফরম ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। গ্রাহকগণ যেকোনো সময় খুলনা ওয়াসার ওয়েবসাইটে লগইন করে তাদের নিজ নিজ পানির বিলের তথ্য সরাসরি দেখতে পারবেন।
- কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়্যার চালু হয়েছে। ডিজিটাল পদ্ধতিতে বর্তমানে স্বয়ংক্রিয়ভাবে ই-বিলিং সফটওয়্যারের মাধ্যমে আদায়কৃত রাজস্ব একাউন্টিং সফটওয়্যার এর সাথে সমন্বয়ের মাধ্যমে নিয়মিতভাবে যাবতীয় হিসাব কাজ সম্পন্ন করা হচ্ছে। খুলনা ওয়াসায় কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বেতনসহ অন্যান্য ভাতাদি পে রোল সফটওয়্যারের মাধ্যমে প্রস্তুত করা হচ্ছে।
- খুলনা ওয়াসার সম্পদ সমূহ সুষ্ঠুভাবে সংগ্রহ, বণ্টন ও অপচয় রোধে ইতোমধ্যেই কম্পিউটারাইজড ইনভেনটরি সফটওয়্যার চালু করা হয়েছে। ফলে ক্রয়কৃত ও ভাড়ারে মজুদকৃত সম্পদের পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে হালনাগাদকরণ ও সুষ্ঠু হিসাবরক্ষণ করা হচ্ছে।
- খুলনা ওয়াসায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সরকারি নির্দেশনা অনুযায়ী হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী তথা মুজিব শতবর্ষ উদযাপন করা হয়।
- গ্রাহক সেবার মান সমুন্নত রাখতে খুলনা ওয়াসার সম্মানিত গ্রাহকবৃন্দের সঠিক মিটার রিডিং সংগ্রহপূর্বক বিল প্রস্তুত নিশ্চিত করতে খুলনা ওয়াসায় **'স্মার্ট মিটার রিডিং'** সিস্টেম তৈরি করা হয়েছে। এ সিস্টেমে এপ্স এর মাধ্যমে গ্রাহকবৃন্দের মিটারের ছবিসহ মিটার রিডিং লিপিবদ্ধ করা হয় এবং সরাসরি মিটার রিডিং এর তথ্য খুলনা ওয়াসার সার্ভারে ইনপুট করা হয়।

২৫/৭/২১
মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।

২৫/৭/২১
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।

- ভূ-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাস করে ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি লক্ষ্যে ২৫৪৬৩৬.৯৩ লক্ষ টাকা ব্যয়ে **"খুলনা পানি সরবরাহ প্রকল্প"** বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের আওতায় নিম্ন উল্লেখিত অবকাঠামে নির্মাণ করে চাহিদা অনুযায়ি নিরাপদ সুপেয় পানি সরবরাহ করা হচ্ছ :
- Distribution Reservoir & Overhead Tanks :মহানগরীতে বিভিন্ন স্থানে ৭টি Distribution Reservoir (৫০০০ থেকে ১৩৫০০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন) এবং ১০টি Overhead Tanks (৪০০ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি এবং ৬৫০ ঘ:মি: ক্ষমতা সম্পন্ন ৫টি) নির্মাণ করে পরিশোধিত পানি সরবরাহ করা হচ্ছে।
- Clear Water Transmission Mains including River crossing:৩০০ মি:মি: হতে ১২০০ মি:মি: ব্যাসের ৪৫ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ, ১৪ কি:মি: এইচডিপিই পাইপ এবং রুপসা নদীর তলদেশ দিয়ে ৬৮৫ মি:স্থাপিত পাইপ লাইন স্থাপন করে পরিশোধিত পানি সরবরাহ করা হচ্ছে।
- Distribution Pipe Network:এ কাজের আওতায় ৭৫মি:মি: থেকে ৫০০মি:মি: ব্যাসের ৪২ কি:মি: ডাকটাইল আয়রন পাইপ এবং ৬১০ কি:মি: স্থাপিত পাইপ লাইন স্থাপন করে খুলনা মহানগরীর প্রায় ৩৬,০০০ বাসগৃহে পানি সরবরাহ করা হচ্ছে।
- Surface Water Treatment Plant & Impounding Reservoir : খুলনা জেলার রূপসা উপজেলার তিলক ও পাথরঘাটা নামক স্থানে ১১০ এমএলডি (১১ কোটি লিটার) ক্ষমতা সম্পন্ন পানি শোধনাগার এবং ৭৭.৭২ কোটি লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন নির্মিতImpounding Reservoirএরমাধ্যমে পানি শোধন করে সরবরাহ করা হচ্ছে। একই আংগিনায় স্থাপিত ওয়াটার কোয়ালিটি টেস্টিং ল্যাবরোটরীতে প্রতিদিন পানির নমুনা পরীক্ষা করে যথাযথভাবে মান নিয়ন্ত্রন করা হচ্ছে।
- Water Intake facility and Raw Water Transmission Pipe line: বাগেরহাট জেলার মোল্লাহাট ব্রীজ সংলগ্ন স্থানে নির্মিত ইনটেক পাম্প হাউজ ও অন্যান্য ফ্যাসিলিটির নির্মাণ করে মধুমতি নদী হতে অপরিশোধিত পানি ৩৩ কি:মি: ১৪০০ মি:মি: (৫৬") ব্যাসের ডাকটাইল আয়রন সঞ্চালন পাইপ লাইনের মাধ্যমে ট্রিটমেন্ট প্ল্যান্টে সরবরাহে করা হচ্ছে।

**২০২০-২১ অর্থ বছরের খুলনা ওয়াসায় পরিচালিত উন্নয়ন প্রকল্প:**

১। খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ (১ম সংশোধনী) প্রকল্প

প্রকল্পটি ১০/০৪/২০১৮ খ্রি: তারিখ একনেক সভায় অনুমোদন লাভ করে; প্রকল্পের ব্যয়: ২১২৯১.১৮ লক্ষ টাকা (জিওবি) প্রকল্পের মেয়াদ: এপ্রিল ২০১৮- জুন ২০২১ প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিচালিত হয়েছে।

৩টি স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণে_ঠিকরাবন্দ মৌজায় স্যুয়ারজে ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণে ২২ একর, মাথাভাঙ্গা মৌজায় স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনের ১১.৮৫ একর, শলুয়া এলাকায় ঘোনা মাদারডাঙ্গা মৌজায় স্যুয়ারজে ট্রিটমেন্ট প্লান্ট নির্মাণের জন্য ৬ একর এবং খুলনা শহরে ১১টি স্যুয়ারেজ পাম্পিং স্টেশন নির্মাণের ২.৮৯ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, খুলনা হতে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালিত হয়েছে। প্রকল্পটি জুন ২০২১ এ সমাপ্ত হয়েছে।


**২। খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প:**

বর্তমানে খুলনা শহরে পয়:নিষ্কাশন ব্যবস্থা চালু নাই। খুলনা মহানগরীতে জনস্বাস্থ্য সুরক্ষা এবং নির্মল পরিবেশ তৈরীর জন্য কেন্দ্রীয় আধুনিক, টেকসই ও পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মানে গত ২৮/০৭/২০২০ তারিখ ২৩৩৪১৩.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০২০ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে "খুলনা পয়:নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প" একনেক সভায় অনুমোদিত হয়।


- ২০২০-২১ অর্থ বছরে প্রকল্পের মূল কার্যক্রম ৮টি স্যুয়ার পাম্পিং স্টেশন নির্মাণ, ১৭৩ কি.মি. স্যুয়ার নেটওয়ার্ক এবং ৭৭ কি.মি. সার্ভিস লাইন নির্মাণের লক্ষ্যে দরপত্র আহবান ও মূল্যায়ন করে স্যুয়ারেজ পাম্পিং স্টেশন নির্মাণ এবং সর্ভিস কানেকশন (প্যাকেজ-১) এর কার্যাদেশ প্রদান করা হয়েছে, স্যুয়ারেজ পাম্পিং স্টেশন নির্মাণ এবং সর্ভিস কানেকশন (প্যাকেজ-২) এর কার্যদেশ প্রদানের লক্ষ্যে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রীপরিষদ কমিটির অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- পরামর্শক সেবা নিয়োগের লক্ষ্যে কারিগরি ও আর্থিক প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।
- ২টি স্যুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হয়েছে।

২৫/৭/২২
মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।


২৫/৭/২২
শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।




১১০ এমএলডি ক্ষমতা সম্পন্ন বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ।




চরের হাট Reservoir & Overhead Tank




ক্লিয়ার ওয়াটার ডাকটাইল আয়রন পাইপ লাইন স্থাপন।




মহানগরীরতে এইচডিপিই পাইপ লাইন স্থাপন।




মোল্লাহাট ওয়াটার ইনটেক পাম্প হাউজ



রূপসা নদীর তলদেশ দিয়ে ডাকটাইল আয়রন পাইপ লাইন স্থাপন।



১১০ এমএলডি BWTP হতে পানি সরবরাহ



বোতল ওয়াটার প্ল্যান্ট, খুলনা ওয়াসা।

মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।


শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।



'সুন্দরবন পিওর ড্রিংকিং ওয়াটার' বোতলজাত পানি উৎপাদন




খুলনা ওয়াসা পানির গুণাগুণ পরীক্ষার ল্যাবরেটরি




খুলনা ওয়াসায় মুজিব শতবর্ষ উদযাপন



কোভিড-১৯ কালীন জীবাণুনাশক পানি ছিটানো ও হাত ধোয়ার কার্যক্রম



পয়ঃনিষ্কাশন অবকাঠামো নির্মাণে অধিগ্রহণকৃত জমি




স্মার্ট মিটার রিডিং সিস্টেমে গ্রাহকদের সঠিক মিটার রিডিং সংগ্রহ

মোঃ সোহেল বিল্লাহ
সহকারি প্রোগ্রামার
খুলনা ওয়াসা, খুলনা।

শেখ মাসুদুল ইসলাম
সহকারী প্রধান
(পরিকল্পনা ও উন্নয়ন)
খুলনা ওয়াসা, খুলনা।